

# শাফিন রাশেদ এর দুইতারা

আজ বৃষ্টি হবে

আজ বৃষ্টি হবে

ভাজা ডিমের সাথে খিচুড়ি, পোড়ামরিচ একটি

আর চাই তোমাকে, সকালের বিন্যস্ত টেবিলে ।

আজ বৃষ্টি হবে

অফিস কামাই দেব, ভাঙা ঘুমে ওম দেব

উজান উষ্ণতা নেব, জামদানি বুকে ।

আজ বৃষ্টি হবে

ঝরাপাতার নৃত্য হবে, বাতাসের গান হবে

হাজার বৃক্ষের মাঝে, ফুলের উন্ডাস ছড়াবে কদম ।

আজ বৃষ্টি হবে

নজরংলের গানের নিবিড়ে, বর্ষাকে ছুঁয়ে ছুঁয়ে যাব

দুপুরের এক ফাকে, বৃষ্টির হাত ধরে, ভিজবো দু'জনে ।

আজ বৃষ্টি হবে

ভিজা বসনের ভাঁজে, প্রকৃতি মেলে দেবে নিজেকে

কবি লিখবে কবিতা, বাউল গাইবে গান ।

আজ বৃষ্টি হবে

অনেকটা সময় আমরা, কাটাবো স্বপ্ন- নিভৃতে

বৃষ্টির ছাটে ভিজাবো ভিতর, ধূয়ে নেব ক্লান্তির অথই ।

## একতারা

জানালার ওপাশে কালোর দীপ্তি

ইশারায় ডাক দিয়ে যায়, বেলা- অবেলায়

মন বাড়াতে চায় পা , বুক বলে না ।

ছায়ার আড়ালে সেই সপ্তসুর

মাঝে মাঝে কীর্তনখোলায় রঙ ধরে, ডাকে নিঃতে  
হৃদয় বাড়াতে চায় মন, পিছু হঠে অপ্রস্তুত ক্ষণ ।

বৃক্ষের বিশ্বাসগুলো ক্রমশঃ দীর্ঘতর হয়  
নদীর ব্যাকরণ স্বতঃস্ফূর্ত এখনো আগের ধারায়  
সময়ের ফিসফাস, অবিরাম কালোচ্ছাস  
আছে সেই একই ছায়ায়  
তবে, মানুষ কি পেরেছে তার সত্য এড়াতে ?

ছেট্ট একটি জীবন, নীরব রঙের কতো না সঞ্চয় তার  
ক্যানভাসের নিপুণ অথইয়ে  
মানুষকে ছড়িয়ে দিতে হয় এইসব রঙের বাহার ।